# ইমরান খানের আপিল আবেদন ফেরত দিলেন সুপ্রিম কোর্ট




ইমরান খান। ছবি: সংগৃহীত

পাকিস্তানের সাবেক প্রধানমন্ত্রী ইমরান খান ও তার স্ত্রী বুশরা বিবির করা একটি আপিল আবেদন গ্রহণ করেনি দেশটির সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার অফিস। ১৯০ মিলিয়ন পাউন্ড দুর্নীতি মামলায় সাজা স্থগিতসংক্রান্ত আবেদন নিয়ে ইসলামাবাদ হাইকোর্টের আদেশের বিরুদ্ধে তারা এ আপিল করেছিলেন।

রেজিস্ট্রার অফিসের এক কর্মকর্তা বলেন, এ ধরনের বিষয়ে আইনি প্রতিকার চাওয়ার উপযুক্ত আদালত সুপ্রিম কোর্ট নয়, বরং ফেডারেল কনস্টিটিউশনাল কোর্ট (এফসিসি)। এ কারণে আপিলটি ফেরত দেওয়া হয়েছে।

তবে ইমরান খানের আইনজীবী সালমান সাফদার এই সিদ্ধান্তের বিরোধিতা করে দাবি করেছেন, পাকিস্তানের সংবিধানের ১৮৫(৩) অনুচ্ছেদ অনুযায়ী সুপ্রিম কোর্টেই এ আপিল গ্রহণযোগ্য।

এর আগে ইসলামাবাদ হাইকোর্ট জানায়, মূল আপিলের শুনানির তারিখ নির্ধারিত থাকায় সাজা স্থগিতের আবেদন আলাদাভাবে বিবেচনার প্রয়োজন নেই।

আপিলে ইমরান খান দাবি করেন, কারাবন্দী অবস্থায় তিনি স্বাস্থ্যগত সমস্যায় ভুগছেন এবং দীর্ঘদিন আটক থাকায় শারীরিক ও মানসিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। পাশাপাশি, মামলার কার্যক্রম ইচ্ছাকৃতভাবে দীর্ঘায়িত করা হয়েছে বলেও অভিযোগ করা হয়।

সূত্র: দ্য এক্সপ্রেস ট্রিবিউন।

LENS ASIA